গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১২.২৩.০১৮.২৫-২২৪

তারিখঃ ২৮ কার্তিক ১৪৩২
১৩ নভেম্বর ২০২৫

# জাতীয় পরিবেশ পদক-২০২৫

পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পরিবেশ পদক নীতিমালা, ২০১২ অনুযায়ী যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে জাতীয় পরিবেশ পদক ২০২৫ এর আবেদন আহ্বান করা যাচ্ছে। নীতিমালা অনুযায়ী নিম্নোক্ত ক্যাটাগরিসমূহে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০৩টি করে মোট ০৬টি জাতীয় পরিবেশ পদক প্রদান করা হবে।

| পর্যায় | পদকের শ্রেণী | পুরস্কার | সংখ্যা |
|---|---|---|---|
| (ক) ব্যক্তিগত | (১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ | জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে। | প্রতি ক্ষেত্রে ১ (এক) টি |
| | (২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার | | |
| | (৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন | | |
| (খ) প্রাতিষ্ঠানিক | (১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ | | |
| | (২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার | | |
| | (৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন | | |

বিজয়ী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠান অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে এ পদক প্রদান করা হবে। বাংলাদেশে পরিবেশ উন্নয়নে অসামান্য এবং অনুসরণীয় অবদান রেখেছেন এমন যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত পদকের জন্য আবেদন করতে পারবেন।

এমতপ্রেক্ষিতে, জাতীয় পরিবেশ পদক-২০২৫ এর জন্য আগ্রহী উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজের অথবা উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে নির্ধারিত আবেদন ফরমে আগামী ৩১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/বিভাগ/মহানগর কার্যালয়ে আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। আবেদনের নির্ধারিত ফরম পরিবেশ অধিদপ্তরের যে কোন অফিস বা অধিদপ্তরের ওয়েবসাইট ***www.doe.gov.bd*** থেকে সংগ্রহ করা যাবে।

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর